গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নং-৫৮.০২.০০০০.০০৮.০১৮.০০৯.১৯-৬৪ তারিখ: ০৩/০৪/২০২৪ খ্রি:

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মাদকবিরোধী কর্মকান্ডে বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম মূল্যায়ণ উপ-কমিটির সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মাসুদ হোসেন<br>পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ০৩ এপ্রিল ২০২৪, সকাল ১০:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | লাইব্রেরী কক্ষ (লেভেল-৩) |
| **সভায় উপস্থিতি** | : | **পৃথক কাগজে সংরক্ষিত।** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব বলেন, প্রতি বছর ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষ্যে মাদক নিরোধ শিক্ষা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এনজিওদের মাদকবিরোধী প্রচারনা ও সামাজিক উদ্বুদ্ধকরণ এবং মাদক বিষয়ক বিভিন্ন গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য ০৩ টি, মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের কার্যক্রমে উল্লেখযোগ্য অবদানের জন্য ২ টি ক্যাটাগরিতে (১০-২০ বেড ক্যাটাগরি এবং ২০ বেড উর্দ্ধ ক্যাটাগরিতে) ০৩ টি করে ০৬টি এবং ২৬ জুন ঢাকায় অনুষ্ঠেয় মানববন্ধন ও র‌্যালীতে অংশগ্রহণকারীদের মধ্যে থেকে ০৩টি প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছরও এনজিও এবং মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের সার্বিক কর্মকান্ড মূল্যায়ণপূর্বক বিষয়ভিত্তিক পুরস্কার প্রদান করা হবে।

সভাপতি ২০২৪ সালে এ মূল্যায়ণ সংক্রান্ত কার্যক্রম কিভাবে সুচারুরূপে সম্পন্ন করা যায়, সে বিষয়ে সুচিন্তিত মতামত প্রদানের জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ করেন। আলোচনায় অংশগ্রহণ করে সদস্যগণ আবেদন আহবানের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদন দাখিলের সর্বশেষ তারিখ নির্ধারণ, আবেদনের সাথে কি কি সংযুক্তি দিতে হবে, যাচাই-বাছাই কিভাবে করা হবে ইত্যাদি বিষয়ে মতামত প্রদান করেন। উপস্থাপিত মতামতসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত মাদকবিরোধী কর্মকান্ডে নিয়োজিত এনজিওদের কার্যক্রম বিবেচনায় নেয়া হবে।

২। নিবন্ধিত এনজিওসমূহের ২০২৩ পঞ্জিকা বছরে মাদক বিরোধী জনসচেতনতামূলক কার্যক্রম যেমন- সভা, সেমিনার, মানববন্ধন, র‌্যালী, স্বীকৃত কোনো জার্নালে প্রকাশতি প্রবন্ধ/গবেষণা, প্রকাশিত বই, পোস্টার, স্টীকার, ফেস্টুন, লিফলেট, টকশো, প্রশিক্ষণ, অনলাইন ফলোয়ার, অনলাইন ওয়েবিনার, ফেসবুক ও ইউটিউবে মাদকবিরোধী প্রচারণা ইত্যাদি পর্যালোচনা করা হবে।

৩। মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে ২০২৩ পঞ্জিকা বছরে বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রের অন্তঃবিভাগ ও বহির্বিভাগে চিকিৎসা প্রদানকৃত রোগীর বিস্তারিত তথ্য, কেন্দ্রের আয়তন, মালিকানা, নাইট ভিশন সিসিটিভি ক্যামেরা, সার্বক্ষণিক চিকিৎসক, মনোচিকিৎসক, প্রশিক্ষণপ্রাপ্ত কাউন্সিলর,ইকো প্রশিক্ষণপ্রাপ্ত কর্মরত জনবল, নিরাময় কেন্দ্রে ব্যবস্থাপনায় নিয়োজিত অন্যান্য জনবল, বিনোদনের সুবিধা ইনডোর ও আউটডোর, চিকিৎসা সংক্রান্ত তথ্য, ফলোআপ রোগীর সংখ্যা, মাদকবিরোধী গণসচেতনামূলক কার্যক্রম প্রচারণা, প্রকাশনা, গোলটেবিল বৈঠক, টকশো

বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বিধিমালা-২০২১ এর তপশিল-২ অনুযায়ী কেন্দ্রে জীবন রক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যকীয় ঔষধ পত্রাদির বিবরণ ইত্যাদির তথ্য ও ছবিসহ আবেদন করতে হবে।

৪। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে মহাপরিচালক বরাবর নির্ধারিত ছকে আবেদন করে তা আগামী ১৫/০৫/২০২৪ তারিখের মধ্যে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বরাবর প্রেরণ করতে হবে।

৫। আগামী ০৯ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে আবেদন আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তি ২টি বহুল প্রচারিত বাংলা পত্রিকায় প্রকাশ এবং অধিদপ্তরের ওয়েবসাইটে বিস্তারিত তথ্য প্রকাশ করা হবে।

৬। আবেদন প্রাপ্তির পর প্রয়োজনে সংশ্লিষ্ট জেলা/ মেট্রোঃ কার্যালয়ের কর্মকর্তা দ্বারা প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শন করিয়ে প্রাপ্ত তথ্যাদি যাচাই করে নিতে হবে।

৭। দিবসটি উদযাপন উপলক্ষ্যে ২৬ শে জুন ২০২৪ তারিখে অনুষ্ঠেয় মানববন্ধন ও র‍্যালীতে উপস্থিত প্রতিষ্ঠানসমূহের উপস্থিতির সংখ্যা, সজ্জিতকরণ (ব্যানার, শ্লোগান, ফেস্টুন) শৃঙ্খলা, উপস্থাপনা ইত্যাদি বিবেচনা করে উপ-কমিটি কর্তৃক ১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ করা হবে।

৮। বর্ণিত ০৪ (চার) টি ক্যাটাগরির প্রতিটিতে ৩ (তিন) টি করে মোট ১২ (বার) টি ক্রেস্ট ও সনদপত্র প্রস্তুত ও সরবরাহের দায়িত্বে থাকবেন উপপরিচালক, ঢাকা মেট্রো (উত্তর) কার্যালয়, ঢাকা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২.০৪.২০২৪

**(মোঃ মাসুদ হোসেন)**
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ফোনঃ ০২-৪৮৩২২১৯৬
E-mail: dirtr@dnc.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। অতিরিক্ত পরিচালক, (গোয়েন্দা শাখা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪। ডাঃ মোঃ রাহেনুল ইসলাম, রেসিডেন্ট সাইকিয়াট্রিষ্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৫। উপপরিচালক (নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। জনাব, মোঃ আবু তাহের, ইউএনওডিসি, আইডিবি ভবন, ঢাকা।
৭। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অফিস কপি।